# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহা-পরিচালক, বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)
এবং
সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ-এর মধ্যে স্বাক্ষরিত

## বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ০১, ২০১৮ - জুন ৩০, ২০১৯

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহা-পরিচালক, বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)
এবং
সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ-এর মধ্যে স্বাক্ষরিত

## বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ০১, ২০১৮ - জুন ৩০, ২০১৯

# সূচিপত্র


মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ০১

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision) অভিলক্ষ্য (Mission) কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ০৩-০৪

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চুড়ান্ত ফলাফল/প্রভাব (outcomes/Impact) ........ ০৫

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য,অগ্রাধিকার, কার্যক্রম,কর্মসম্পাদনের সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ০৬

দপ্তর সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ ........ ০৭

সংযোজনী-১ ........ ১০

সংযোজনী-২ ........ ১১

সংযোজনী-৩ ........ ১২

# বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)-এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the BAPARD)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**গত ০৩ বছরের অর্জিত সাফল্য নিম্নরূপঃ**

দারিদ্র্য বিমোচন ও আর্থ সামাজিক উন্নয়নের লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান ও গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য 'বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)' প্রতিষ্ঠিত। নতুন নতুন কৌশল উদ্ভাবন ও প্রয়োগের মাধ্যমে টেকসই উন্নয়নে ভূমিকা পালনও এর দায়িত্ব। এ প্রতিষ্ঠানের উন্নয়নের লক্ষ্যে 'সম্প্রসারণ, সংস্কার ও আধুনিকায়ন' কার্যক্রম সম্পাদনের জন্য একটি প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৩২৬৮৪.৭১ লক্ষ টাকা। মেয়াদকাল মার্চ/২০১০ - জুন/২০১৮। প্রকল্পের আওতায় ৩৭.১৪ একর জমি অধিগ্রহণ করা হয়েছে। এছাড়া ৩.০০ একর জমি অধিগ্রহণ, ভুমি উন্নয়ন, সীমানা প্রাচীর নির্মাণ, বিদ্যমান ভবনসমূহের সংস্কার ও আধুনিকায়ন করার কাজ প্রক্রিয়াধীন রয়েছে। ১০তলা প্রশাসনিক ভবন , ১০তলা হোস্টেল ভবন ও ০৬ তলা বিশিষ্ট একটি অফিসার্স কোয়ার্টাস ও একটি স্টাফ কোয়ার্টাসের নির্মাণ কাজ  নির্মাণ কাজ যথাক্রমে ৮০% , ৭০% ও ২২% সম্পন্ন হয়েছে । উন্নত কৃষি প্রযুক্তি, হাঁস-মুরগী পালন, মৎস্য চাষ, কম্পিউটার, সেলাই, মোবাইল সার্ভিসিং, ইলেকট্রিক্যাল এন্ড হাউজ ওয়ারিং ইত্যাদি বিষয়ে বিগত ০৩ বছরে মোট ৭,০৭৮ জন সুফলভোগি ও সরকারি/বেসরকারি সংস্থার কর্মকর্তা-কর্মচারীদের আয়বর্ধনমূলক কর্মকান্ড, উদ্বুদ্ধকরণ, দক্ষতা উন্নয়ন ও স্থানীয়  প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

**সমস্যা ও চ্যালেঞ্জসমূহঃ**

বাপার্ড একটি নবসৃষ্ট প্রতিষ্ঠান। এর কর্মকর্তা-কর্মচারীর অনেকগুলো পদ শূন্য রয়েছে। অবকাঠামো ও জনবলের কারণে সুষ্ঠুভাবে প্রশিক্ষণ প্রদানের সুযোগ-সুবিধাদির সীমাবদ্ধতা রয়েছে। সম্প্রসারিত অবকাঠামো নির্মাণ কার্যক্রম সম্পন্ন ও জনবল নিয়োগ না হওয়া পর্যন্ত পরিপূর্ণভাবে কার্যক্রম শুরু করা সম্ভব হচ্ছে না। সীমিত অবকাঠামো ও জনবল দিয়ে প্রত্যাশানুযায়ী সেবা প্রদান চ্যালেঞ্জ হিসাবে গণ্য।

**ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

একাডেমির সার্বিক উন্নয়নের লক্ষ্যে এর সম্প্রসারণ, সংস্কার ও আধুনিকায়নের জন্য একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। এ প্রকল্পের আওতায় দুটি ১০ তলা ভবন (একটি একাডেমিক এবং অন্যটি হোস্টেল ভবন), একটি ৬ তলা অফিসার্স কোয়ার্টাস এবং একটি ৬তলা স্টাফ কোয়ার্টাস নির্মাণের কাজ চলছে। এ ছাড়া একটি কৃষি শেড, একটি পোল্ট্রি শেড, একটি মৎস্য হ্যাচারী শেড এবং অন্যান্য স্থাপনা নির্মাণ করা হবে। এসব ভবন নির্মিত হলে প্রশিক্ষণ ও গবেষণার ক্ষেত্র তৈরি হবে। আশা করা যায় অচিরেই এ একাডেমি একটি আন্তর্জাতিক মানের প্রশিক্ষণ, গবেষণা এবং দারিদ্র্য বিমোচনের উৎকর্ষ কেন্দ্রে পরিণত হবে।

**২০১৮-১৯ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ**

- ১০তলা বিশিষ্ট প্রশাসনিক ভবন ও হোস্টেল ভবনের নির্মাণ কাজ সম্পন্ন হবে;
- ০৬ তলা বিশিষ্ট একটি অফিসার্স কোয়ার্টাস ও একটি স্টাফ কোয়ার্টাসের নির্মাণ কাজ ৮০% সম্পন্ন হবে;
- ২০১৮-১৯ অর্থবছরে ২,৮৬০ জনকে (২,২৫০ জন সুফলভোগিকে আয়বর্ধনমূলক কর্মকান্ড, ৩১০ জন উদ্বুদ্ধকরণ ও ৩০০ জন স্থানীয়) প্রশিক্ষণ প্রদান করা সম্ভব হবে; এবং
- সীমানা প্রাচীরসহ অন্যান্য অবকাঠামো  নির্মাণ কাজ সম্পন্ন হবে।

# উপক্রমণিকা (Preamble)

মহা-পরিচালক, বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড), কোটালীপাড়া, গোপালগঞ্জ ।

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ-এর মধ্যে ২০১৮ সালের জুন মাসের এগারো তারিখে এ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এ চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন -

## সেকশন ১

# বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)-এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

গ্রামীণ মানুষের জীবনমান উন্নয়ন, দারিদ্র্য বিমোচন, পল্লী উন্নয়ন ও সমৃদ্ধ বাংলাদেশ গঠনে সহায়তা।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনবল সৃষ্টি, দারিদ্র্য বিমোচন ও আর্থ-সামাজিক বৈষম্য দূরীকরণ এবং গবেষণার মাধ্যমে কৃষি, শিক্ষা ও ক্ষুদ্র শিল্প ক্ষেত্রে নতুন নতুন কৌশল, তত্ত্ব, জ্ঞান এবং লাগসই প্রযুক্তি উদ্ভাবন করে গ্রামীণ আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন। কর্মশালা, সেমিনার আয়োজন করে চিরাচরিত দৃষ্টি ভঙ্গির পরিবর্তন, আধুনিক ধ্যান-ধারণা লাভে গ্রামীণ জনগোষ্ঠিকে সহায়তা করা এবং উপকূলীয় জোয়ার ভাটা ও জলবায়ুর প্রভাব বিবেচনায় রেখে টেকসই উন্নয়নের লক্ষ্যে উন্নত ও আধুনিক কৃষি প্রযুক্তি হস্তান্তর।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic objectives)

#### ১.৩.১ বাপার্ডের কৌশলগত উদ্দেশ্যসমূহ:

১. প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ মানব সম্পদ উন্নয়ন এবং স্ব-কর্মসংস্থানের ক্ষেত্র তৈরি;
২. পল্লীর দরিদ্র ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠির আর্থ সামাজিক উন্নয়ন এবং পল্লী অঞ্চলের যুগোপযোগী ও টেকসই উন্নয়ন;

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ:

১. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন
২. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন
৩. প্রশাসনিক সংস্কার ও নৈতিকতার উন্নয়ন
৪. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন
৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ কার্যাবলি (Functions)

- পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে জাতীয় ও আন্তর্জাতিক পরিসরে গবেষণার জন্য Centre of Excellence হিসাবে কাজ করা এবং দারিদ্র্য বিমোচনে সরকারের অন্যতম ফোকাল পয়েন্ট হিসাবে কাজ করা ;
- পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে দেশের জাতীয় পর্যায়ের প্রশিক্ষণ ও গবেষণা প্রতিষ্ঠান হিসাবে কার্যক্রম পরিচালনা করা ;
- পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনে নিয়োজিত বিভিন্ন সরকারি ও বেসরকারি সংস্থার কর্মকর্তা-কর্মচারিদের প্রশিক্ষণ প্রদান, কর্মশালা, সেমিনার ইত্যাদি পরিচালনা করা;

- ক্ষুদ্র ও প্রান্তিক চাষী, বিত্তহীন পুরুষ ও মহিলা, বেকার যুবক ও যুব মহিলাদের দক্ষতা অর্জনের মাধ্যমে আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে কৃষি ও অকৃষি খাতের বিভিন্ন উপার্জনমূলক কর্মকান্ডের উপর প্রশিক্ষণ পরিচালনা করা ;
- পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে কৃষি, শিক্ষা, উপকূলীয় ও জোয়ারভাটা এলাকার আর্থ-সামাজিক বিষয়ে প্রায়োগিক গবেষণা পরিচালনা করা ;
- সরকারি ও অন্যান্য সংশ্লিষ্ট সংস্থাকে উহাদের চাহিদার বিপরীতে প্রয়োজনীয় পরামর্শ ও সেবা প্রদান করা;
- পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনের ক্ষেত্রে উচ্চতর শিক্ষায় নিয়োজিত দেশী ও বিদেশী শিক্ষার্থীদের গবেষণা কার্য পরিচালনা ও তত্ত্বাবধান করা বা গবেষণা কার্য সম্পাদনের ক্ষেত্রে সহায়তা প্রদান করা;
- পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনে পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা কোর্স পরিচালনা করা;
- দারিদ্র্য বিমোচনে জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক সহযোগী সংস্থার সাথে যৌথভাবে কাজ করা;
- কৃষি কাজে নিয়োজিত শিশু শ্রম নিরসন বিষয়ক গবেষণা ও কৃষি শিশু শ্রমিকদের শিক্ষার মূলধারায় আনয়নের লক্ষ্যে গবেষণা করা;
- গ্রামীণ দরিদ্র নারীদের সামাজিক নিরাপত্তা, নারীর সার্বিক ক্ষমতায়নের জন্য গবেষণা করা ;
- পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচন নীতিমালা প্রণয়নে সরকারি নীতি নির্ধারকগণকে সহায়তা প্রদান করা;
- একাডেমির উদ্দেশ্যের সহিত সামাঞ্জস্যপূর্ণ অন্য কোন কাজ করা।

## সেকশন-২

### বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড), গোপালগঞ্জ-এর বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcomes/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদনের সুচকসমূহ | একক | ভিত্তি বছর ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা ২০১৭-২০১৮ | প্রকৃত অর্জন ২০১৭-২০১৮ | লক্ষ্যমাত্রা ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবেদায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৯-২০২০ | ২০২০-২০২১ | | |
| প্রশিক্ষণের মাধ্যমে মানব সম্পদের উন্নয়ন। | প্রশিক্ষণ | জন | ৩০৬৯ | ২৭৮৫ | ৩৭৭৮ | ২৮৬০ | ২৯৯০ | ৩১৪০ | সুফলভোগী, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, এলজিইডি, বিআরডিবি ও অন্যান্য সরকারি/বেসরকারি সংস্থা। | বাপার্ডের প্রশিক্ষণ প্রতিবেদন |

# বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)।

## সেকশন-৩

### কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৬-২০১৭ | প্রকৃত অর্জন ২০১৭-২০১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণয়ক ২০১৮-২০১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০২০ | প্রক্ষেপণ ২০২০-২০২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি'র কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ মানব সম্পদ সৃষ্টি এবং স্ব-কর্মসংস্থানের ক্ষেত্র তৈরি। | ৪০ | [১.১] সমবায় সমিতি ও অনানুষ্ঠানিক দলের সদস্যদের মধ্যে উদ্বুদ্ধকরণ ও আয়বর্ধনমুলক প্রশিক্ষণ প্রদান | [১.১.১]আয়বর্ধনমুলক প্রশিক্ষণার্থী | সংখ্যা (জন) | ১৫ | ১৯৭৭ | ২৭১১ | ২২৫০ | ২০২৫ | ১৮০০ | ১৫৭৫ | ১৩৫০ | ২৩৪০ | ২৪৭৫ |
| | | | [১.১.২] উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণার্থী | সংখ্যা (জন) | ১৩ | ২৫৫ | ৩১০ | ৩১০ | ২৭৯ | ২৪৮ | ২১৭ | ১৮৬ | ৩২০ | ৩৩০ |
| | | [১.২] পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসহ প্রকল্পে নিয়োজিত কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান | [১.২.১] স্থানীয় প্রশিক্ষণার্থী | সংখ্যা (জন) | ১২ | ৮৩৭ | ৭৫৭ | ৩০০ | ২৭০ | ২৪০ | ২১০ | ১৮০ | ৩৩০ | ৩৩৫ |
| [২] পল্লীর দরিদ্র ও সুবিধাবঞ্চিতজন গোষ্ঠির আর্থ-সামাজিক উন্নয়ন এবং পল্লী উন্নয়নে যুগোপযোগী ও টেকসই উন্নয়ন। | ১৮ | [২.১] পল্লী উন্নয়ন গবেষণা সম্পাদনা | [২.১.১] সম্পাদিত প্রায়োগিক গবেষণার | সংখ্যা | ৫ | ১ | - | ২ | ২ | ২ | ১ | ১ | ২ | ২ |
| | | [২.২] সেমিনার, কর্মশালা এবং প্রকাশনার মাধ্যমে গবেষণালব্দ ফলাফলের প্রচার/বিস্তার | [২.২.১] প্রকাশিত গবেষণা ও প্রায়োগিক গবেষণার ফলাফল | সংখ্যা | ৩ | - | - | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ |
| | | | [২.২.২] আয়োজিত সেমিনার, কর্মশালার | সংখ্যা | ১০ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ২ | ২ |
| [৩] বাপার্ডের অবকাঠামো উন্নয়ন। | ১৭ | [৩.১] প্রশাসনিক ভবন নির্মাণ | [৩.১.১] ১০তলা ভবন | শতকরা হার | ৭ | - | ৮০ | ২০ | ১৮ | ১৬ | ১৪ | ১২ | - | - |
| | | [৩.২] হোস্টেল ভবন নির্মাণ | [৩.২.১] ১০তলা ভবন | শতকরা হার | ৭ | - | ৭০ | ৩০ | ২৭ | ২৪ | ২১ | ১৮ | - | - |
| | | [৩.৩] অফিসার্স ও স্টাফ কোয়ার্টার্স নির্মাণ | [৩.৩.১] ৬তলা ভবন (দু'টি) | শতকরা হার | ৩ | - | ২২ | ৭৮ | ৭০.২ | ৬২.৪ | ৫৪.৬ | ৪৬.৮ | - | - |

বি:দ্র: [ ৩.১; ৩.২ ও ৩.৩ ] প্রকৃত অর্জন ক্রমবর্ধিত হারে দেখানো হয়েছে।

# দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০১৮-১৯
## (মোট নম্বর-২৫)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রার মান-২০১৮-১৯ | | | | |
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic Objectives) | কার্যক্রম (Activities) | কার্যসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Pperformance Indicator) | অসাধারণ (Excellent) ১০০% | অতি উত্তম (Very Good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতি মান (Fair) ৭০% | চলতি মানের নিম্নে (Poor) ৬০% |
| বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর ও ওয়েবসাইটে আপলোড | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ০.৫ | ২০ জুন জুন, ২০১৮ | ২১ জুন, ২০১৮ | ২৪ জুন, ২০১৮ | - | - |
| | | ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রদিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল | মূল্যায়ন প্রদিবেদন দাখিলকৃত | তারিখ | ০.৫ | ১৭ জানুয়ারি, ২০১৯ | ২০ জানুয়ারি, ২০১৯ | ২১ জানুয়ারি, ২০১৯ | ২২ জানুয়ারি, ২০১৯ | ২৩ জানুয়ারি,২০১৯ |
| | | ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (feedback) মন্ত্রণালয়/বিভাগে | ফলাবর্তক (feedback) প্রদত্ত | তারিখ | ১ | ২৪ জানুয়ারি, ২০১৯ | ৩১ জানুয়ারি, ২০১৯ | ০৪ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ |
| | | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | আয়োজিত প্রশিক্ষণের সময় | জনঘন্টা | ১ | ৬০ | - | - | - | - |
| কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ১০ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোড | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত** | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | | ই-ফাইলে নথি জারিকৃত*** | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | দপ্তর/সংস্থার কর্তৃক অনলাইন সেবা চালু করা | ন্যূনতম একটি নতুন ই-সার্ভিস চালুকৃত | তারিখ | ১ | ১০ জানুয়ারি, ২০১৯ | ২৪ জানুয়ারি, ২০১৯ | ২৮ জানুয়ারি, ২০১৯ | ৩১ মার্চ, ২০১৯ | ৩০ এপ্রিল, ২০১৯ |
| | | দপ্তর/সংস্থা ও অধীনস্ত কার্যালয়সমূহের উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP)বাস্তবায়ন | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) সমূহের হালনাগাদকৃত ডাটাবেইজ ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |
| | | | ডাটাবেইজ অনুযায়ী ন্যূনতম দুটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১ | ০৮ এপ্রিল, ২০১৯ | ২২ এপ্রিল, ২০১৯ | ০২ মে, ২০১৯ | ১৬ মে,২০১৯ | ৩০ মে, ২০১৯ |
| | | সিটিজেনস চার্টার বাস্তবায়ন | হালনাগাদকৃত সিটিজেন্স চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | | সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ০.৫ | ৩১ ডিসেম্বর, ২০১৮ | ১৫ জানুয়ারি, ২০১৯ | ০৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিস্পত্তিকৃত | % | ০.৫ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৫০ |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারি করা | পিআরএল আদেশ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | ছুটি নগদায়নপত্র জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ লক্ষ্যমাত্রার মান ২০১৮-১৯ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic Objectives) | কার্যক্রম (Activities) | কার্যসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কার্যসম্পাদন সূচকের মান (Weight of Pperformance Indicator) | অসাধারণ (Excellent) ১০০% | অতি উত্তম (Very Good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতি মান (Fair) ৭০% | চলতি মানের নিম্নে (Poor) ৬০% |
| আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৯ | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | ত্রিপক্ষীয় সভায় অডিট আপত্তি নিষ্পত্তির জন্য সুপারিশকৃত | % | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |
| | | | অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |
| | | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | অব্যবহৃত/অকেজো যানবাহন বিদ্যমান নীতিমালা অনুযায়ী নিষ্পত্তিকরণ | নিষ্পত্তিকৃত | তারিখ | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা | বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | নিয়োগ প্রদানকৃত | সংখ্যা | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ৪০ |
| জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়ন*** | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোয় অন্তর্ভুক্ত লক্ষ্যমাত্রা বাস্তবায়িত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | সকল অনলাইন সেবা তথ্য বাতায়নে সংযোজিত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | দপ্তর/সংস্থার অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়বসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | ১৮ অক্টোবর, ২০১৮ | ৩১ অক্টোবর, ২০১৮ | ১৫ নভেম্বর, ২০১৮ | ২৯ নভেম্বর, ২০১৮ | ০৬ ডি[illegible] ২০[illegible] |

আমি, মহাপরিচালক, বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড), কোটালীপাড়া, গোপালগঞ্জ-এর প্রতিনিধি হিসাবে মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়-এর প্রতিনিধি সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ-এর নিকট অঙ্গীকার করছি যে, এ চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে মহাপরিচালক, বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড), কোটালীপাড়া, গোপালগঞ্জ-এর নিকট অঙ্গীকার করছি যে, এ চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষর:

১২-০৬-২০১৮ খ্রি:

মহা-পরিচালক
বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)
কোটালীপাড়া, গোপালগঞ্জ-৮১১০

তারিখ

১২-০৬-২০১৮

সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

তারিখ

# শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ০১ | আইজিএ | ইনকাম জেনারেটিং এ্যাক্টিভিটিজ (আয়বর্ধনমূলক কার্যক্রম) |
| ০২ | আরডিএ, বগুড়া | রুরাল ডেভলপমেন্ট একাডেমী, বগুড়া |
| ০৩ | এসএফডিএফ | স্মল ফার্মার্স ডেভলপমেন্ট ফাউন্ডেশন |
| ০৪ | এলজিইডি | লোকাল গভর্মেন্ট ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট |
| ০৫ | ইরেসপো (IRESPPW) | ইন্টিগ্রেটেড রুরাল ইমপ্লয়মেন্ট সাপোর্ট প্রজেক্ট ফর দি পুওর ওমেন |
| ০৬ | পউসবি | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ |
| ০৭ | পাবসস | পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি |
| ০৮ | পিডিবিএফ | পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন |
| ০৯ | বার্ড, কুমিল্লা | বাংলাদেশ একাডেমি ফর রুরাল ডেভলোপমেন্ট, কুমিল্লা |
| ১০ | বাপার্ড, গোপালগঞ্জ | বঙ্গবন্ধু একাডেমি ফর পোর্ভাটি এলিভিয়েশন এ্যান্ড রুরাল ডেভলোপমেন্ট (বাপার্ড), গোপালগঞ্জ |
| ১১ | বিআরডিবি | বাংলাদেশ রুরাল ডেভলোপমেন্ট বোর্ড |

# কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি বিবরণ

| কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| ১.১ সমবায় সমিতি ও অনানুষ্ঠানিক দলের সদস্যদের মধ্যে উদ্বুদ্ধকরণ আয়বর্ধনমূলক প্রশিক্ষণ প্রদান। | ১.১.১ আয়বর্ধনমূলক প্রশিক্ষণ গ্রহণকারী উপকারভোগীর সংখ্যা। | কৃষি ও অকৃষি ক্ষেত্রে স্বল্প মেয়াদি বিভিন্ন আয়বর্ধনমূলক প্রশিক্ষণ। আয়বর্ধনমূলক প্রশিক্ষণের মধ্যে- জৈবসার তৈরি, নার্সারি ও শাক-সবজী চাষ, গবাদি প্রাণি পালন, হাঁসমুরগী পালন, সেলাই উল্লেখযোগ্য। এ ক্ষেত্রে স্থানীয় চাহিদা ও উপযোগিতা প্রাধান্য পেয়ে থাকে। | বাপার্ড | রেজিস্টার থেকে প্রশিক্ষণার্থীর সংখ্যা গণনা করা। | বাপার্ড প্রশিক্ষণ ও গবেষণা বিভাগে সংরক্ষিত রেজিস্টার ও প্রশিক্ষণ প্রতিবেদন। |
| | ১.১.২ উদ্বুদ্ধকরণমূলক প্রশিক্ষণ গ্রহণকারীর সংখ্যা। | সচেতনতা ও দক্ষতা বৃদ্ধিতে সহায়তামূলক উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ। এরূপ প্রশিক্ষণ বিষয়ের মধ্যে- নারীর উন্নয়ন, বাল্যবিবাহ হ্রাস, যৌতুক না দেওয়া/না নেওয়া, অটিজম, সুশাসন, দুর্নীতি, নেতৃত্ব ইত্যাদি উল্লেখযোগ্য। | বাপার্ড | রেজিস্টার থেকে প্রশিক্ষণার্থীর সংখ্যা গণনা করা। | বাপার্ড প্রশিক্ষণ ও গবেষণা বিভাগে সংরক্ষিত রেজিস্টার ও প্রশিক্ষণ প্রতিবেদন। |
| ১.২ পল্লী উন্নয়নে নিয়োজিত কর্মকর্তা, জনপ্রতিনিধি এবং এনজিও কর্মীদের প্রশিক্ষণ প্রদান। | ১.২.১ স্থানীয় প্রশিক্ষণে অংশ গ্রহণকারীর সংখ্যা। | কর্মকর্তা/কর্মচারিদের দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ। | বাপার্ড | রেজিস্টার থেকে প্রশিক্ষণার্থীর সংখ্যা গণনা করা। | বাপার্ড প্রশিক্ষণ ও গবেষণা বিভাগে সংরক্ষিত রেজিস্টার ও প্রশিক্ষণ প্রতিবেদন। |
| [২.১] পল্লী উন্নয়ন গবেষণা সম্পাদনা | [২.১.১] সম্পাদিত গবেষণার সংখ্যা | (i) Yield Performance of Vegetable and Spice Crops on Floating Bed<br>(ii) A Sustainable Soluation for Rural Development to Bangladesh | বাপার্ড | রেজিস্টার থেকে গণনা করা। | বাপার্ড প্রশিক্ষণ ও গবেষণা বিভাগে সংরক্ষিত রেজিস্টার। |
| [২.২] পল্লী উন্নয়নে প্রায়োগিক গবেষণা সম্পাদন।<br>সেমিনার, কর্মশালা এবং প্রকাশনার মাধ্যমে গবেষণালব্দ ফলাফলের প্রচার/বিস্তার | [২.২.১]সম্পাদিত প্রায়োগিক গবেষণার সংখ্যা।<br>[২.২.২] প্রকাশিত গবেষণা ও প্রায়োগিক গবেষণার ফলাফল | (১) জীবনমান উন্নয়নে আয়বর্ধনমূলক প্রশিক্ষণের প্রভাব নিরূপন সংক্রান্ত সমীক্ষা (Impact Study) বিষয়ক গবেষণা ।<br>(২) পল্লী এলাকায়/প্লাবন ভুমিতে কৃষি ও মৎস্য চাষ বিষয়ক প্রায়োগিক গবেষণা। | বাপার্ড | রেজিস্টার থেকে গণনা করা। | বাপার্ড প্রশিক্ষণ ও গবেষণা বিভাগে সংরক্ষিত রেজিস্টার। |
| | [২.২.৩] আয়োজিত সেমিনার, কর্মশালার সংখ্যা | 'দক্ষিণাঞ্চলের পল্লী দারিদ্র্য বিমোচনে বাপার্ড এবং বাপার্ডের সক্ষমতা বৃদ্ধিতে সম্প্রসারণ প্রকল্পের ভূমিকা' শীর্ষক কর্মশালা | বাপার্ড | রেজিস্টার থেকে গণনা করা। | বাপার্ড প্রশিক্ষণ ও গবেষণা বিভাগে সংরক্ষিত রেজিস্টার। |

# অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থার নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| জেলা অফিস | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কর্যালয়, গোপালগঞ্জ | উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ | কিশোর-কিশোরী ক্লাব থেকে আগত প্রশিক্ষণার্থী নির্বাচন এবং প্রশিক্ষণে অংশগ্রহণ নিশ্চিতকরণ। | দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের সংশ্লিষ্টদের প্রশিক্ষণের জন্য সুবিধাদি বিবেচনায় বাপার্ডের ভেন্যু অগ্রাধিকার পায়। | ১০০% | অগ্রগতি হ্রাস |
| অধিদপ্তর | এলজিইডি | আয়বর্ধনমূলক প্রশিক্ষণ | পাবসস থেকে প্রশিক্ষণার্থী নির্বাচন এবং প্রশিক্ষণে অংশগ্রহণ নিশ্চিতকরণ। | দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের সংশ্লিষ্টদের প্রশিক্ষণের জন্য সুবিধাদি বিবেচনায় বাপার্ডের ভেন্যু অগ্রাধিকার পায়। | ১০০% | অগ্রগতি হ্রাস |
| স্বায়ত্ত-শাসিত সংস্থা | বিআরডিবি | আয়বর্ধনমূলক প্রশিক্ষণ | ইরেসপো'র সুবিধাভোগীদের মধ্য থেকে প্রশিক্ষণার্থী নির্বাচন এবং প্রশিক্ষণে অংশগ্রহণ নিশ্চিতকরণ। | দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের সংশ্লিষ্টদের প্রশিক্ষণের জন্য সুবিধাদি বিবেচনায় বাপার্ডের ভেন্যু অগ্রাধিকার পায়। | ১০০% | অগ্রগতি হ্রাস |
| স্বায়ত্ত-শাসিত সংস্থা | পিডিবিএফ | উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ | অফিসিয়াল প্রশিক্ষণার্থী নির্বাচন এবং প্রশিক্ষণে অংশগ্রহণ নিশ্চিতকরণ। | দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের সংশ্লিষ্টদের প্রশিক্ষণের জন্য সুবিধাদি বিবেচনায় বাপার্ডের ভেন্যু অগ্রাধিকার পায়। | ১০০% | অগ্রগতি হ্রাস |
| সমিতি/গ্রুপ | একটি বাড়ি একটি খামার প্রকল্পের সুফলভোগী গ্রুপ | আয়বর্ধনমূলক প্রশিক্ষণ | সুফলভোগী গ্রুপ থেকে প্রশিক্ষণার্থী নির্বাচন এবং প্রশিক্ষণে অংশগ্রহণ নিশ্চিতকরণ। | দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের সংশ্লিষ্টদের প্রশিক্ষণের জন্য সুবিধাদি বিবেচনায় বাপার্ডের ভেন্যু অগ্রাধিকার পায়। | ১০০% | অগ্রগতি হ্রাস |
| কোম্পানী | তিতাস গ্যাস কোম্পানী লিঃ | উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ | প্রশিক্ষণার্থী নির্বাচন এবং প্রশিক্ষণে অংশগ্রহণ নিশ্চিতকরণ। | দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের সংশ্লিষ্টদের প্রশিক্ষণের জন্য সুবিধাদি বিবেচনায় বাপার্ডের ভেন্যু অগ্রাধিকার পায়। | ১০০% | অগ্রগতি হ্রাস |

১২